**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-১৫

তারিখ ঃ ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৯ / ২৩ মে, ২০২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়গণ,

**বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/ নগদ সহায়তা প্রদান প্রক্রিয়া সহজিকরণ প্রসঙ্গে।**

"বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের নীতিমালা" এর বিষয়ে অত্র বিভাগের ০৬/০৮/২০১৯ তারিখে জারীকৃত এফই সার্কুলার নং-৩১ এবং ১২/০৫/২০২০ তারিখে জারীকৃত এফই সার্কুলার পত্র নং-২০ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত বিধান অনুযায়ী মাঃডঃ ৫,০০০(পাঁচ হাজার) অথবা ৫,০০,০০০(পাঁচ লক্ষ) টাকার অধিক রেমিট্যান্সের ক্ষেত্রে প্রণোদনা/নগদ সহায়তা প্রদানে রেমিটারের কাগজপত্রাদি বিদেশস্থ এক্সচেঞ্জ হাউজ হতে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে।

০৩। এক্ষণে, সরকারি সিদ্ধান্ত অনুযায়ী বৈধ উপায়ে দেশে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে রেমিট্যান্স প্রণোদনা/নগদ সহায়তা প্রদানে রেমিটারের কোন ধরণের কাগজপত্রাদি ব্যতীত বিদ্যমান হারে (২.৫০%) রেমিট্যান্স প্রণোদনা/নগদ সহায়তা প্রযোজ্য হবে।

০৪। এ নির্দেশনা অত্র সার্কুলার পত্র জারীর তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

০৫। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত উপরোক্ত সিদ্ধান্ত বলবৎ থাকবে।

০৬। রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা সংক্রান্ত ইতঃপূর্বে ইস্যুকৃত এফই সার্কুলার নং-৩১ তারিখঃ ০৬/০৮/২০১৯ এবং এর ধারাবাহিকতায় জারীকৃত সার্কুলার পত্রগুলোর অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৭। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্‌বিষয়ে অবহিতকরণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী রফিকুল হাসান)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩